

ত্রিপুরা সরকার
তথ্য ও সংস্কৃতি অধিকার

স-২২৬(আগরতলা, ১৭।০৪)
কৈলাসহর, ১৭ এপ্রিল, ২০১৮

গ্রাম স্বরাজ অভিযান : কৈলাসহরে সভা অনুষ্ঠিত

গত ১২ এপ্রিল জেলা শাসক সঞ্জীব রাঠোরের সভাপতিত্বে উনকোটি জেলা শাসকের কার্যালয়ের সভাগৃহে গ্রাম স্বরাজ অভিযানের কর্মসূচি নিয়ে এক সভা অনুষ্ঠিত হয়। সভায় কৈলাসহর ও কুমারঘাটের মহকুমা শাসক, গৌরনগর, চন্ডিপুর, কুমারঘাট, পৈঁচারখল ব্লকের বি ডি ও গণ সহ বিভিন্ন দপ্তরের আধিকারিকগণ উপস্থিত ছিলেন। সভায় সিদ্ধান্ত হয়, আগামী ১৮ই এপ্রিল স্বচ্ছ ভারত দিবস, ২০ এপ্রিল উজ্জ্বলা দিবস, ২৪ এপ্রিল গ্রাম স্বরাজ দিবস, ৩০ এপ্রিল আয়ুষ্মান দিবস, ২রা মে কিষাণ কল্যাণ দিবস ও ৫ মে আজীবিকা দিবস হিসাবে উদযাপিত হবে। জেলার ৪টি ব্লকেও বিভিন্ন অনুষ্ঠানের আয়োজন করা হবে। ২৪ এপ্রিল অনুষ্ঠিত হবে বিশেষ গ্রামসভা। এদিন প্রভাতফেরী, স্বাস্থ্যবিধি বিষয়ক অনুষ্ঠান, সাংস্কৃতিক ও গ্রামীণ ক্রীড়ানুষ্ঠানের আয়োজন করা হবে। বিশেষ এই গ্রামসভায় আলোচ্যসূচীতে থাকবে গ্রাম পঞ্চায়েত ভিত্তিক উন্নয়নে আর্থিক বিকাশ বিষয়ে আলোচনা, পঞ্চায়েতের অর্থের সার্বিক ব্যবহার, পানীয়জল ও স্বাস্থ্যবিধি এবং গ্রামোন্নয়নে মহিলাদের ভূমিকা ইত্যাদি বিষয়ে আলোচনা।
